



দা যি ত্ব শী ল দে র দৈ নি ক

# দেশ রূপান্তর

০৫-০৫-২০২৪, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি'তে আন্তঃবিশ্ববিদ্যালয় পুঁজিবাজার  
বিনিয়োগ প্রতিযোগিতা



ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি'তে আন্তঃবিশ্ববিদ্যালয় পুঁজিবাজার বিনিয়োগ প্রতিযোগিতা।

ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি'র ইনডেস্টমেন্ট অ্যান্ড ফাইন্যাল ক্লাবের আয়োজনে ১ম আন্তঃবিশ্ববিদ্যালয় পুঁজিবাজার বাজার বিনিয়োগ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। তিনি মাসব্যাপী এই প্রতিযোগিতায় ২২টি বিশ্ববিদ্যালয়ের ২৪৪টি দল এবং ৭৩২ জন প্রতিযোগী অংশগ্রহণ করেন।

আয়োজনের মধ্যে ছিল ৫টি কর্মশালা এবং ৪টি প্রতিযোগিতামূলক রাউন্ড। এ প্রতিযোগিতার মাধ্যমে শিক্ষার্থীরা বিনিয়োগ বিষয়ক জ্ঞান, বিনিয়োগের কৌশল, দক্ষতা এবং শেয়ার বাজারের লেনদেন প্রক্রিয়া সম্পর্কে বিশদ জ্ঞান অর্জন করেছে।

রবিবার (৫ মে) ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি'র অডিটোরিয়ামে প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

প্রতিযোগিতার চূড়ান্ত পর্বে ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, ইনসিটিউট অব বিজেনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ), ব্র্যাক ইউনিভার্সিটি, নর্থ সাউথ ইউনিভার্সিটি এবং ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি থেকে ৭টি দল নির্বাচিত হয়। সেখান থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় চ্যাম্পিয়ন, বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস, প্রথম রানার আপ, এবং নর্থ সাউথ ইউনিভার্সিটি ২য় রানার আপ হিসেবে বিজয়ী নির্বাচিত হন। বিজয়ীদের সিটি ব্রোকারেজ লিমিটেড থেকে অর্থ পুরস্কার, ট্রফি, সার্টিফিকেট এবং সিটি ব্রোকারেজ লিমিটেডে ইন্টার্নশিপ সুবিধা প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সিকিউরিটি অ্যান্ড একচেঙ্গ কমিশনের চেয়ারম্যান, অধ্যাপক শিবলী রবায়াত-উল-ইসলাম। ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি'র প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি'র উপাচার্য অধ্যাপক শামস রহমান এবং সিটি ব্রোকারেজ লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মিসবাহ উদ্দিন আকবরান ইউসুফ।

সরশেখে, ইনডেস্টমেন্ট অ্যান্ড ফাইন্যাল ক্লাবের মাডারেট লিও ভাস্কর দেউরি সমাপনী বক্তব্য এবং ধন্যবাদ জ্ঞানের মাধ্যমে এই আয়োজনের ইতি টানেন। এই প্রতিযোগিতার স্পন্সর ছিল সিটি ব্রোকারেজ লিমিটেড।